মন্ত্রিপরিষদ বিভাগের ফেব্রুয়ারি ২০২৬ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: ফেব্রুয়ারি ২০২৬ প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১৫ মার্চ ২০২৬

(১) প্রশাসনিক:

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৪৭৪	২৮৬	১৮৮
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,০৯৮	১,১৮৩	৯১৫
মোট	২,৫৭২	১,৪৬৯	১,১০৩

ক.২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	১	-	৪২	৩২	৬২	৫১	১৮৮
দুর্নীতি দমন কমিশন	-	-	২৯৯	২১৩	২৮১	১২২	৯১৫
মোট	১	-	৩৪১	২৪৫	৩৪৩	১৬৩	১,১০৩

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	ফেব্রুয়ারি মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দিন)

মন্ত্রিপরিষদ বিভাগ	মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন	-	-	-
	সচিব, সমন্বয় ও সংস্কার		
	-	-	-
	অতিরিক্ত সচিব		-
	-	-	
দুর্নীতি দমন কমিশন	সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক: প্রযোজ্য নয়।

(৩) **অর্থনৈতিক :** প্রযোজ্য নয়।

(৪) **উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:**

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	মন্তব্য
1. Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS (1st revised)	১৭০	৪২.১৭ (২৪.৮১ শতাংশ)	-
2. Social Security Policy Support Programme (2nd revised)	১,৫৬৮	১,১৮৬.২৯ (৭৫.৬৬ শতাংশ)	-
3. Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-V)	১২৪	১৯.৯৪ (১৬.০৮ শতাংশ)	-
4.Strengthening SBCC Delivery System in Social Protection	৯০.২৬	৫.০৬ (৫.৬১ শতাংশ)	
মোট	১,৯৫২.২৬	১,২৫৩.৪৬ (৬৪.২১ শতাংশ)	-

খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা: নেই

(৫) **উৎপাদন বিষয়ক :** প্রযোজ্য নয়।

(৬) **প্রধান প্রধান সেক্টর/কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

(৭) **অডিট আপত্তি:**

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

মন্ত্রণালয়/ সংস্থা	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১৬টি	০.০৯৯	২	১	১৫টি	মন্ত্রিপরিষদ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের ১টি অডিট আপত্তি এবং বিলুপ্ত বিভাগ উন্নয়ন বোর্ডের ১৪টি অডিট আপত্তিসহ সর্বমোট ১৫টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	২৫টি	২০৬.৫৫	৩টি	৪টি	২১টি	-
মোট	৪১টি	২০৬.৬৫	৫টি	৫টি	৩৬টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ	পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (ফেব্রুয়ারি মাসের ১ তারিখে)	ফেব্রুয়ারি মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	ফেব্রুয়ারি মাসে নিষ্পন্ন মামলার সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পন্ন মামলার সংখ্যা
			চাকরিচ্যুতি/ বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
মন্ত্রিপরিষদ বিভাগ	২	-	-	-	-	২	১
দুর্নীতি দমন কমিশন	২১	-	-	-	-	২১	৪
মোট	২৩	-	-	-	-	২৩	৫

(৯) মানবসম্পদ উন্নয়ন:

ক. প্রতিবেদনাধীন মাসে নিজস্ব উদ্যোগে প্রশিক্ষণ আয়োজন:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচি	প্রশিক্ষণের মেয়াদ	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	১.	দাপ্তরিক শৃঙ্খলা ও শিষ্টাচার বিষয়ক প্রশিক্ষণ	১-৩ ফেব্রুয়ারি, ৮-১০ ফেব্রুয়ারি, ১৬-১৮ ফেব্রুয়ারি এবং ২৩-২৫ ফেব্রুয়ারি ২০২৬	৮০ জন
	২.	ফরেনসিক একাউন্টিং বিষয়ক প্রশিক্ষণ	১৫-১৯ ফেব্রুয়ারি ২০২৬	২০ জন
	৩.	প্রজেক্ট ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষণ	২২-২৬ ফেব্রুয়ারি ২০২৬	২০ জন
	৪.	জ্ঞাত আয়-বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগ অনুসন্ধান,সম্পদ বিবরণী যাচাই এবং তদন্ত প্রক্রিয়া সংক্রান্ত নীতিমালা বিষয়ক প্রশিক্ষণ	৫ ফেব্রুয়ারি ২০২৬	২২ জন

ক.১ সরকারি কর্মচারীদের জন্য বাৎসরিক ৬০ ঘণ্টাব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত গ্রেড-৯ ও তদূর্ধ্ব কর্মকর্তাগণের অভ্যন্তরীণ প্রশিক্ষণ চলমান রয়েছে।

ক.২ প্রতিবেদনাধীন মাসে আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী আমন্ত্রিত অতিথি বক্তা/প্রশিক্ষক:

ক্রম	অতিথি বক্তা/ প্রশিক্ষক	প্রশিক্ষণের বিষয়	প্রশিক্ষণে অংশগ্রহণকারী	তারিখ
১.	খান মোঃ নূরুল আমীন, এনডিসি সচিব, জন বিভাগ রাষ্ট্রপতির কার্যালয়,বঙ্গভবন	Governance and Development	এ বিভাগের গ্রেড-৯ ও তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মকর্তা	১ ফেব্রুয়ারি ২০২৬

খ. প্রতিবেদনাধীন মাসে অন্য প্রতিষ্ঠানে প্রশিক্ষণে অংশগ্রহণ:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচি	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/এজেন্সি	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	১.	৩৬তম Fiscal Economics and Economic Management (FEEM) শীর্ষক প্রশিক্ষণ	১৭ নভেম্বর ২০২৫ হতে ১ ফেব্রুয়ারি ২০২৬	ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ	১ জন
	২.	Technology Trnasfer and Management in Government Office শীর্ষক অনলাইন প্রশিক্ষণ	২৫ জানুয়ারি ২০২৬ হতে ৫ ফেব্রুয়ারি ২০২৬	বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট	২ জন
	৩.	Office Management and ICT শীর্ষক প্রশিক্ষণ	১৫-২৬ ফেব্রুয়ারি ২০২৬	আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র	১ জন
দুর্নীতি দমন কমিশন	১.	সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতির আওতাধীন বিদ্যমান অর্গানোগ্রামের তথ্য এন্ট্রি/হালনাগাদকরণের প্রশিক্ষণ	২-৩ ফেব্রুয়ারি ২০২৬	জনপ্রশাসন মন্ত্রণালয়	১ জন

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে কর্মকালীন প্রশিক্ষণের ব্যবস্থা আছে কি না; না থাকলে কর্মকালীন প্রশিক্ষণ আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: নেই।

(১০) উল্লেখযোগ্য সমস্যা-সংকট: নেই

(১১) আইন, বিধি ও নীতি প্রণয়ন এবং উল্লেখযোগ্য কার্যাবলি:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে উপদেষ্টা পরিষদ-বৈঠক তিনটি, মন্ত্রিসভা-বৈঠক একটি, সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির দুইটি, জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির একটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির দুইটি সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) উপদেষ্টা পরিষদ-বৈঠকে ২৫টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর মধ্যে ৯টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে এবং অবশিষ্ট ১৬টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে। এছাড়া প্রতিবেদনাধীন মাসে অনুষ্ঠিত একটি মন্ত্রিসভা-বৈঠকে ৪টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্তসমূহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় ২১টি প্রস্তাব গৃহীত হয়েছে। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় ১৮টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(৪) ১৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে মন্ত্রণালয় ও বিভাগসমূহের সিনিয়র সচিব/সচিবদের সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত মতবিনিময় সভায় মাননীয় প্রধানমন্ত্রী নিম্নরূপ নির্দেশনা প্রদান করেছেন:

"৪.১। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জনগণের সর্বাধিক সমর্থনপ্রাপ্ত দলের নির্বাচনী ইশতেহার জাতীয় পর্যায়ের প্রতিশ্রুতিতে পরিণত হয়েছে। সরকারের পক্ষে এ প্রতিশ্রুতি বাস্তবায়নে সকল মন্ত্রণালয়/বিভাগে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে।"

(৫) ফেব্রুয়ারি ২০২৬ মাসে ফ্যামিলি কার্ড প্রদান সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক), অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, বাংলাদেশ পরিকল্পনা কমিশন এবং জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) গঠন করা হয়েছে।

(৬) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষার জন্য গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির ২টি সভা অনুষ্ঠিত হয়েছে এবং ১টি অধ্যাদেশ উপদেষ্টা পরিষদ-বৈঠকে উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়েছে।

(৭) মহামান্য রাষ্ট্রপতি সংবিধানের ৫৬ অনুচ্ছেদের (৩) দফা অনুযায়ী ত্রয়োদশ জাতীয় সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের আস্থাভাজন সংসদ-সদস্য জনাব তারেক রহমান-কে প্রধানমন্ত্রী পদে নিয়োগের সিদ্ধান্ত প্রদান করেন এবং তাঁর নেতৃত্বে নতুন সরকার গঠনের জন্য সম্মতি জ্ঞাপন করেন। নতুন সরকার গঠনের সঙ্গে সঙ্গে বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদ ভেঙ্গে গেছে বলে গণ্য হবে। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(৮) সংবিধানের ৫৬ অনুচ্ছেদের (৩) দফা অনুযায়ী রাষ্ট্রপতি ১৭ ফেব্রুয়ারি ২০২৬ জনাব তারেক রহমানকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী পদে নিয়োগদান করেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(৯) মহামান্য রাষ্ট্রপতি ১৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রী, প্রতিমন্ত্রী পদে যথাক্রমে ২৫ ও ২৪ জন ব্যক্তিকে নিয়োগদান করেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১০) মাননীয় প্রধানমন্ত্রী Rules of Business 1996-এর Rule 3(iv) অনুযায়ী প্রধানমন্ত্রী, মন্ত্রী ও প্রতিমন্ত্রিগণের মধ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের দায়িত্ব বণ্টন করেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১১) মাননীয় প্রধানমন্ত্রী Rules of Business 1996-এর Rule (B)-এ প্রদত্ত ক্ষমতা অনুযায়ী ৫ জন উপদেষ্টা (মন্ত্রীর পদমর্যাদাপ্রাপ্ত) এবং ৫ জন উপদেষ্টা (প্রতিমন্ত্রীর পদমর্যাদাপ্রাপ্ত) নিয়োগদান করেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১২) মাননীয় প্রধানমন্ত্রী Rules of Business 1996-এর Rule 3B(ii) অনুযায়ী উপদেষ্টাগণের মধ্যে দপ্তর বণ্টন করেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১৩) সরকার গত ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে গণভোট এবং ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের আয়োজন করে। উপদেষ্টা পরিষদ নির্বাচন সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে ১৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের বৈঠকে ধন্যবাদ প্রস্তাব গ্রহণ করে। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২৪ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১৪) দেশ ও জাতির সেবায় গুরুত্বপূর্ণ অবদান এবং সরকারের জাতীয় ও নীতি নির্ধারণী বিভিন্ন স্তরে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার জন্য সাবেক মন্ত্রিপরিষদ সচিব ড. শেখ আব্দুর রশীদ-কে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানিয়ে উপদেষ্টা পরিষদের ১৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের বৈঠকে একটি ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২৪ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১৫) ফেব্রুয়ারি ২০২৬ মাসে মাঠপ্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ১২টি, সরাসরি মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত ২টি এবং পুনঃতদন্তের জন্য ২টি, নির্বাচন কমিশন থেকে ১টি এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে ১টিসহ মোট ১৮টি অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৬) ফেব্রুয়ারি ২০২৬ মাসে মাঠপ্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ১৪টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। নিষ্পত্তিকৃত অভিযোগসমূহের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ১১টি অভিযোগ তদন্তপূর্বক প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করা হয়েছে। এ বিভাগে সরাসরি দাখিলকৃত ২টি অভিযোগ তদন্তক্রমে প্রাথমিকভাবে প্রমাণিত

না হওয়ায় নথিজাত করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ১টি অভিযোগ তদন্তক্রমে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।

(১৭) কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত জানুয়ারি দ্বিতীয় ও ফেব্রুয়ারি প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দুটি সারসংক্ষেপ যথাক্রমে মাননীয় প্রধান উপদেষ্টা এবং মাননীয় প্রধানমন্ত্রীর সমীপে উপস্থাপন করা হয়েছে।

(১৮) ফ্যামিলি কার্ড/কৃষি কার্ডের উপকারভোগী বাছাই ও বিতরণে নীতিমালার ব্যত্যয় রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৯) ফ্যামিলি কার্ড বাস্তবায়ন/উপকারভোগী নির্বাচনে উপজেলা কমিটিতে ও মডেল মসজিদ ব্যবস্থাপনা নীতিমালা, ২০২৬-এর ব্যবস্থাপনা কমিটিতে মাঠ প্রশাসনের কর্মকর্তাগণকে অন্তর্ভুক্তকরণে সম্মতি প্রদান করে যথাক্রমে সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করা হয়েছে।

(২০) ২০২৫-২৬ অর্থবছরে যুব সংগঠনসমূহকে প্রকল্পভিত্তিক অনুদান এবং সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য যুবদের 'ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৬' প্রদানের কার্যক্রম গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(২১) বগুড়া বিমানবন্দরের রানওয়ে বর্ধিতকরণের লক্ষ্যে বড়মোহর সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থানান্তরের যৌক্তিকতা নির্ধারণে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করা হয়েছে।

(২২) ফেব্রুয়ারি ২০২৬ মাসে কমিশনার মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সমন্বয় সভায় ১৮টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে সকল জেলা প্রশাসকের জুম প্ল্যাটফর্মে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

(২৩) মন্ত্রণালয় ও বিভাগসমূহের কার্যাবলি সম্পর্কিত জানুয়ারি ২০২৫ মাসের প্রতিবেদনের সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর নিকট প্রেরণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে প্রতিবেদনে উপস্থাপিত মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়েছে।

(২৪) বিভিন্ন আইনে বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত ১,৩৭০ জন কর্মকর্তার অনুকূলে 'মোবাইল কোর্ট আইন, ২০০৯'-এর ৫ ধারা অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(২৫) ভারতীয় কোস্ট গার্ড কর্তৃক আটককৃত কক্সবাজার জেলার কুতুবদিয়া উপজেলার ৪৮ জন জেলেকে নৌযানসহ উদ্ধারের বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(২৬) নারায়ণগঞ্জ সদর উপজেলার ফতুল্লায় ধলেশ্বরী নদীর ফেরি পারাপারের সময় সংঘটিত দুর্ঘটনার বিষয়ে গঠিত তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে ব্যবস্থা গ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়, নৌপরিবহন মন্ত্রণালয় এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।

(২৭) ফৌজদারি কার্যবিধি-১৮৯৮ এর আওতায় ২০২৪ সাল পর্যন্ত দায়েরকৃত অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতে দীর্ঘমেয়াদি অনিষ্পন্ন মামলার তথ্য পর্যালোচনা ও পরিবীক্ষণ করা হয়। উক্ত তথ্য মন্ত্রিপরিষদ বিভাগের মাসিক সমন্বয় সভায় এবং কমিশনার মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে।

(২৮) Grievance Redress System (GRS)-এর মাধ্যমে ১-২৮ ফেব্রুয়ারি ২০২৬ মেয়াদে পর্যন্ত মোট দাখিলকৃত অভিযোগের সংখ্যা ১০,৯২৫টি এবং অভিযোগ নিষ্পত্তি হয়েছে ৫,৫৪৮টি, অভিযোগ নিষ্পত্তির হার ৫০.৭৮ শতাংশ।

(২৯) GPMS বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাদের Training of Trainers (ToT) প্রশিক্ষণ আয়োজনের জন্য ৫৩টি মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিবকে পত্র প্রেরণ করা হয়েছে।

(৩০) ২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে ২০২৫-২৬ অর্থবছরে 'আত্মহত্যার প্রবণতা হ্রাসে করণীয় নির্ধারণ' সংক্রান্ত গবেষণা প্রস্তাব ও বরাদ্দের অনুমোদন পত্র গবেষণা দলের দলনেতাকে প্রেরণ করা হয়েছে।

(৩১) ২৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের চলমান প্রকল্পসমূহের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গ. আগামী (মার্চ-এপ্রিল ২০২৬) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক, জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি, মন্ত্রিসভা কমিটি/পরিষদ/কমিশন/ অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(২) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি, প্রাক নিকার সচিব কমিটি, আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি এবং মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন।

(৩) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২০৯তম সভা আয়োজন।

১৫/০৩/২৬

নাসিমুল গনি
মন্ত্রিপরিষদ সচিব